# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নং সংস্থা/১এ-১(১৫)/রে-২৯১৫ তারিখ: ২৫/১০/২০২৫

## অফিস আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/১০/২০২৫ তারিখের ৩৭.০০.০০০০.০৮০.০৮.০০৪.২২-১৯৮ নং অফিস আদেশ মোতাবেক এই বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ. বি. এম. বদরুজ্জামান- কে যুক্তরাজ্যের লন্ডনে অনুষ্ঠিতব্য Going Global 2025; The Conference for Leaders of International Tertiary Education শীর্ষক প্রোগ্রামে অংশগ্রহণ এবং University of Leeds এ "BUET Career Centre" সংক্রান্ত বিষয়ে আলোচনার জন্য আগামী ২৮ অক্টোবর হতে ০৩ নভেম্বর, ২০২৫ তারিখ পর্যন্ত যুক্তরাজ্য গমন ও অবস্থানের অনুমতির প্রেক্ষিতে আগামী ২৭ অক্টোবর হতে ০৪ নভেম্বর, ২০২৫ পর্যন্ত তাঁকে বিদেশে অবস্থানের অনুমতি এতদ্বারা প্রদান করা হলো।

Going Global 2025; The Conference for Leaders of International Tertiary Education শীর্ষক প্রোগ্রামে ভ্রমণের ব্যয়ভার আয়োজক সংস্থা "British Council" কর্তৃক বহন করা হবে এবং University of Leeds এ "BUET Career Centre" বিষয়ে আলোচনা সংক্রান্তে ব্যয়ভার উপাচার্য মহোদয় নিজে বহন করবেন। এতদ্ব্যতীত এই ভ্রমণ সংশ্লিষ্টে বিশ্ববিদ্যালয় বা বাংলাদেশ সরকারের কোনরূপ আর্থিক সংশ্লেষ থাকবে না।

এই বিষয়ে তাঁকে নিয়মানুযায়ী ছুটি মঞ্জুর করা হবে।

মাননীয় উপাচার্য- এর বিদেশে অবস্থানকালীন এই বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হাসিব চৌধুরী মাননীয় উপাচার্য- এর দৈনন্দিন কাজের দায়িত্ব পালন করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

স্বাক্ষর/-
(অধ্যাপক ড. এন. এম. গোলাম জাকারিয়া)
রেজিস্ট্রার (অ. দা.)
ফোন-০২২২৩৩৬৫৬১৬

নং সংস্থা/১এ-১(১৫)/রে-২৯১৫(১৪) তারিখ: ২৫/১০/২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

১. অধ্যাপক ড. এ. বি. এম. বদরুজ্জামান, মাননীয় উপাচার্য, বা. প্র. বি., ঢাকা।
২. অধ্যাপক ড. আব্দুল হাসিব চৌধুরী, মাননীয় উপ-উপাচার্য, বা. প্র. বি., ঢাকা।
৩. সকল অনুষদের ডিন, বা. প্র. বি., ঢাকা।
৪. অন্যান্য সকল বিভাগ/অফিস প্রধান, বা. প্র. বি., ঢাকা।
৫. কম্পট্রোলার, বা. প্র. বি., ঢাকা।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক, বা. প্র. বি., ঢাকা।
৭. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৮. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
৯. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১০. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
১১. মহাপরিচালক, বহিরাগমন ও ছাড়পত্র, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
১২. পরিচালক, হযরত শাহজালাল (রঃ) আন্তর্জাতিক বিমান বন্দর, কূর্মিটোলা, ঢাকা।
১৩. ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, বুয়েট শাখা, ঢাকা।
১৪. ব্যক্তিগত ফাইল/গার্ড ফাইল।

২৫/১০/২০২৫

(অধ্যাপক ড. এন. এম. গোলাম জাকারিয়া)
রেজিস্ট্রার (অ. দা.)